**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**
www.lawjusticediv.gov.bd

নং : ১০.০০.০০০০.১২৮.৯৯.০০১.২৫.২৯

তারিখ : ৩০ পৌষ ১৪৩২ / ১৪ জানুয়ারি ২০২৬

**বিষয় : জামিননামা গ্রহণের ক্ষেত্রে ই-বেইলবন্ড ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার-সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, The Code of Criminal Procedure (Second Amendment) Ordinance, 2025 জারির মাধ্যমে The Code of Criminal Procedure,1898 এর ৪৯৯ ধারায় অনলাইনে বেইলবন্ড দাখিলের বিধান সংযুক্ত করা হয়েছে। এছাড়া তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিচার ব্যবস্থা জনবান্ধব, নায়বিচারে সহজগম্যতা ও হয়রানিমুক্ত করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগ কর্তৃক জেলা পর্যায়ের আদালতে অনলাইনে বেইলবন্ড (ই-বেইলবন্ড) দাখিলের নিমিত্ত ই-বেইলবন্ড ম্যানেজমেন্ট সিস্টেম ডেভেলপ করা হয়েছে যা বিগত ১৬/১০/২০২৫ তারিখ হতে নারায়ণগঞ্জ জেলায় চালু করা হয়েছে।

২। বর্ণিত ই-বেইলবন্ড সিস্টেম আগামী ২১/০১/২০২৬ তারিখ হতে মানিকগঞ্জ, বান্দরবান, মৌলভীবাজার, শেরপুর, জয়পুরহাট, পঞ্চগড়, মেহেরপুর, ঝালকাঠি জেলায় চালুকরণের সিদ্ধান্ত হয়েছে যা উক্ত তারিখ সকাল ৯.০০ ঘটিকায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. আসিফ নজরুল মহোদয় কর্তৃক অনলাইন প্লাটফর্ম জুম মিটিং ব্যবহার করে একযোগে উদ্‌বোধন করা হবে।

৩। এমতাবস্থায়, আগামী ২১/০১/২০২৬ তারিখ হতে The Code of Criminal Procedure, 1898 এর ৪৯৯(৩) ধারার উদ্দেশ্য পূরণকল্পে ই-বেইলবন্ড ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে অনলাইনে বেইলবন্ড গ্রহণের নিমিত্ত প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন দায়রা জজ/ম্যাজিস্ট্রেটগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বর্ণিত উদ্‌বোধনী অনুষ্ঠানে অনলাইন প্লাটফর্ম জুম-এর মাধ্যমে অংশগ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.০১.২০২৬
**(মুহাম্মদ আশেকুর রহমান)**
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email section4@lawjusticediv.gov.bd

**জেলা ও দায়রা জজ**
মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ঝালকাঠি

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

১. সিনিয়র সচিব, সুপ্রীম কোর্ট সচিবাল, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/ জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ ঝালকাঠি (এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. বিচারক (জেলা ও দায়রা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/ জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ ঝালকাঠি (এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/ ঝালকাঠি (এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/ পঞ্চগড়/ মেহেরপুর/ ঝালকাঠি (এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ঝালকাঠি (প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন ম্যাজিস্ট্রেটগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
৯. পুলিশ সুপার, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ঝালকাঠি।
১০. জেল সুপার, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ঝালকাঠি।
১১. সভাপতি, জেলা আইনজীবী সমিতি, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/মেহেরপুর/ঝালকাঠি।
১২. সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, মানিকগঞ্জ/বান্দরবান/মৌলভীবাজার/শেরপুর/জয়পুরহাট/পঞ্চগড়/ মেহেরপুর/ঝালকাঠি।
১৩. গার্ড ফাইল/অফিস কপি।

১৪.০১.২০২৬
**(মুহাম্মদ আশেকুর রহমান)**
সিনিয়র সহকারী সচিব